



ARWAHYN AI

ফ্রি সেটআপ গাইড · বাংলায় · অক্টোবর ২০২৬

Claude Code-এর ৩টা plugin, ধাপে ধাপে সেটআপ

কম token খরচ, পুরনো কথা মনে রাখা, আর limit শেষ হলেও কাজ চালিয়ে
যাওয়া: রিলে যে তিনটা টুলের কথা বলেছি, সেগুলো কীভাবে বসাবেন আর কোথায়
সাবধান থাকবেন, সব এক জায়গায়।

০১

Ponytail

কম কোড, কম token

০২

Graphify

প্রজেক্টের স্থায়ী মেমরি

০৩

OmniRoute

limit শেষে অন্য model



লিখেছেন **শোয়েব রেজা**, ফাউন্ডার, Arwahyn AI
arwahynai.com

শুরুর আগে

যা যা লাগবে, আর গাইডটা কীভাবে পড়বেন

এই গাইডটা তাদের জন্য, যারা ইতিমধ্যে Claude Code চালান আর চান যে একই কাজ কম খরচে, কম ঝামেলায় হোক। প্রতিটা plugin আলাদা, তাই তিনটা একসাথে বসাতে হবে এমন কোনো কথা নেই। আপনার কাজে যেটা লাগে, সেটা দিয়েই শুরু করুন।

আপনার কম্পিউটারে যা থাকা দরকার

- **Claude Code** ইনস্টল আর লগইন করা থাকতে হবে। টার্মিনালে `claude` লিখলে যদি চালু হয়, তাহলে আপনি তৈরি।
- **Graphify**-র জন্য Python 3.10 বা তার নতুন ভার্সন, আর সম্ভব হলে `uv` বা `pipx`।
- **OmniRoute**-এর জন্য Node.js 22 বা 24 (LTS)। টার্মিনালে `node -v` লিখে দেখে নিন।

কালো বক্সগুলো কী

কালো বক্সের লেখাগুলো ভুবু কপি করে বসাতে হবে। যেগুলো `/` দিয়ে শুরু, সেগুলো Claude Code-এর ভেতরে লিখবেন, আর বাকিগুলো সাধারণ টার্মিনালে (Windows-এ PowerShell বা Command Prompt)।

```
# এটা টার্মিনালে
node -v

# আর এটা Claude Code-এর ভেতরে
/plugin
```

সং একটা কথা: রিলে যে সংখ্যাগুলো বলেছি (যেমন ৩০ শতাংশ token সাশ্রয় বা ৩০০-র বেশি model), সেগুলো এসেছে প্রজেক্টগুলোর প্রচার আর রিভিউ থেকে। আপনার আসল সাশ্রয় নির্ভর করবে আপনি কী ধরনের কাজ করেন তার ওপর। নিচে প্রতিটা টুলের নিজের দেওয়া হিসাবও লিখে দিয়েছি, যাতে আপনি বুঝে সিদ্ধান্ত নিতে পারেন।

PLUGIN ০১

5 Ponytail: AI-কে কম কোড লেখাতে শেখানো

Claude অনেক সময় ছোট একটা কাজের জন্যও এত লম্বা কোড লিখে ফেলে যে পরে সেটা পড়তে আর ঠিক করতে আরও token খরচ হয়। Ponytail কাজ শুরুর আগে Claude-কে কয়েকটা প্রশ্ন করতে বাধ্য করে: কোডটা আদৌ দরকার কিনা, প্রজেক্টে আগে থেকেই আছে কিনা, কিংবা ভাষার নিজস্ব কোনো সুবিধা দিয়ে কাজটা হয়ে যায় কিনা। ফলে লেখা ছোট হয়, কিন্তু ভ্যালিডেশন, এরর হ্যান্ডলিং আর সিকিউরিটির মতো জরুরি অংশগুলো বাদ পড়ে না।

ইনস্টল (Claude Code-এর ভেতরে, দুটো কমান্ড)

```
/plugin marketplace add DietrichGebert/ponytail
/plugin install ponytail@ponytail
```

কাজের কমান্ডগুলো

```
/ponytail full          # চালু করুন (lite | full | ultra | off)
/ponytail-review        # এখনকার পরিবর্তনগুলো রিভিউ করে, কী কাটা যায় দেখায়
/ponytail-audit         # পুরো প্রজেক্ট রিভিউ, গুরুত্ব অনুযায়ী সাজানো
/ponytail-gain          # কতটা সাশ্রয় হলো তার হিসাব
/ponytail-help          # সব কমান্ডের ছোট তালিকা
```

প্রজেক্টের নিজের হিসাব: তাদের benchmark-এ প্রায় ৭৬ শতাংশ কম token লেগেছে, আর একই কাজ ২৯৩ লাইনের বদলে ৪৭ লাইনে হয়েছে। কেউ কেউ এর চেয়ে অনেক বেশি সাশ্রয়ের কথা বলেন, কিন্তু সেটা একেকজনের কাজের ধরনের ওপর নির্ভর করে।

আমার পরামর্শ

শুরুতে `/ponytail lite` দিয়ে কয়েক দিন চালান, তারপর `/ponytail-gain` দেখে ঠিক করুন full-এ যাবেন কিনা। নতুন ফিচার বানানোর সময় এটা সবচেয়ে বেশি কাজে দেয়, আর ছোটখাটো প্রশ্নোত্তরে পার্থক্য কম চোখে পড়বে।

PLUGIN ০২

২ Graphify: প্রজেক্টের একটা স্থায়ী মানচিত্র

পরীক্ষার আগের রাতে আমরা যেমন পুরো বই না উল্টে সূচিপত্র দেখে সোজা দরকারি পাতায় চলে যাই, Graphify Claude-কে ঠিক সেই সূচিপত্রটা বানিয়ে দেয়। এটা আপনার কোড আর ডকুমেন্ট পড়ে একটা knowledge graph তৈরি করে, কোন জিনিস কার সাথে যুক্ত তার একটা মানচিত্র। ফলে প্রতিবার নতুন প্রশ্নে Claude-কে পুরো প্রজেক্ট আবার গোড়া থেকে পড়তে হয় না।

ইনস্টল (টার্মিনালে)

```
# তিনটার যেকোনো একটা দিন; নামের শেষে দুটো y, এটা ভুল নয়
uv tool install graphifyy
pipx install graphifyy
pip install graphifyy

# তারপর Claude Code-এর সাথে যুক্ত করুন
graphify install
# Windows-এ কাজ না করলে
graphify install --platform windows
```

এরপর Claude Code বন্ধ করে আবার খুলুন, যাতে নতুন skill-টা লোড হয়।

ব্যবহার (Claude Code-এর ভেতরে)

```
/graphify . # পুরো প্রজেক্টের graph বানান
/graphify query "auth কীভাবে database-এ যায়?" # graph থেকে প্রশ্ন
/graphify explain "RateLimiter" # একটা অংশ বুঝিয়ে বলুন
/graphify ./docs --update # নতুন ফাইল যোগ হলে আপডেট
```

কোথায় থাকে: graph-টা প্রজেক্টের graphify-out/ ফোল্ডারে জমা হয়। টিমের সবাই একই সেটআপ চাইলে graphify install --project ব্যবহার করুন, তাহলে সেটিংস প্রজেক্টের ভেতরেই থাকবে।

/graphify কাজ না করলে দেখে নিন `~/.claude/skills/graphify/SKILL.md` ফাইলটা আছে কিনা, তারপর Claude Code নতুন করে চালু করুন।

PLUGIN ০৩

৩ OmniRoute: limit শেষ হলে অন্য model-এ

ফোনে এক সিমের ডেটা শেষ হলে আমরা যেমন অন্য সিম চলে যাই, OmniRoute ঠিক সেভাবে কাজ করে। এটা আপনার নিজের কম্পিউটারে চলা একটা gateway, যেখানে একাধিক AI provider যুক্ত করা যায়। একটা provider-এর limit শেষ হলে বা সেটা কাজ না করলে অনুরোধটা নিজে থেকেই পরেরটায় চলে যায়।

ইনস্টল আর চালু (টার্মিনালে)

```
npm install -g omniroute
omniroute
# ড্যাশবোর্ড: http://localhost:20128   ·   API: http://localhost:20128/v1
```

সেটআপের ধাপ

- ড্যাশবোর্ড খুলে আপনার provider-গুলো যুক্ত করুন। কোন provider কতটা ফ্রি দেয়, সেটা তাদের **Free Tiers** গাইডে লেখা আছে, আগে সেটা পড়ে নিন।
- Dashboard** → **Endpoints** থেকে আপনার OmniRoute key কপি করুন।
- Claude Code এভাবে OmniRoute-এর মাধ্যমে চালান (model-এর জায়গায় আপনার পছন্দের provider/model দিন):

```
omniroute run claude --model <provider/model>
```

এখানে একটু বেশি সাবধান থাকুন:

- এটা Anthropic-এর বানানো নয়, একটা ওপেন-সোর্স থার্ড-পার্টি টুল। limit শেষ হলে কাজ আসলে চলে অন্য কোম্পানির model দিয়ে, Claude দিয়ে নয়, তাই উত্তরের মান সবসময় এক রকম হবে না।
- প্রতিটা provider-এর নিজস্ব নিয়ম আর limit আছে। যেসব provider-কে OmniRoute নিজেই "avoid" বলে চিহ্নিত করেছে, সেগুলো যুক্ত করবেন না।
- ইনস্টলের সময় তৈরি হওয়া `.env` ফাইল কখনো GitHub-এ তুলবেন না। তুল করে তুলে ফেললে সব key সাথে সাথে বদলে ফেলুন।
- Docker-এ চালালে পোর্টটা শুধু `127.0.0.1` -এ খোলা রাখুন, যাতে বাইরের কেউ ঢুকতে না পারে।

ক্লায়েন্টের কাজ বা গোপন কোডে আমি এটা ব্যবহার করার আগে কোন provider-এ ডেটা যাচ্ছে, সেটা অবশ্যই দেখে নিই। নিজের শেখার প্রজেক্টে এটা দারুণ কাজের।

এরপর কী

টুল তো বসালেন, এবার আপনার ব্যবসার কাজ AI-কে দিন

এই plugin-গুলো আপনার নিজের কাজ সহজ করে। কিন্তু আপনার ব্যবসায় প্রতিদিন যে কাজগুলো বারবার হাতে করতে হয়, যেমন কাস্টমারের মেসেজের উত্তর, অর্ডার নোট করা কিংবা যারা কিনবে বলেও কেনেনি তাদের মনে করিয়ে দেওয়া, সেগুলো Arwahyn AI Automation আপনার ব্যবসার মাপে পুরো সিস্টেম হিসেবে বানিয়ে দেয়।

AI এজেন্ট ও চ্যাটবট

WhatsApp, Messenger আর ওয়েবসাইটে কাস্টমারের প্রশ্নের উত্তর আর অর্ডার নেওয়া।

মার্কেটিং অটোমেশন

লিড ফলো-আপ, CRM আর রিপোর্ট, যেগুলো এখন হাতে করেন।

AI সিস্টেমসহ ওয়েবসাইট

যে সাইট শুধু দেখায় না, প্রশ্নের উত্তর দেয় আর বুকিং নেয়।

AI ভিডিও ও কনটেন্ট

আপনার প্রোডাক্টের রিল, অ্যাড আর এক্সপ্লেইনার।

এটা একটা পেইড সার্ভিস, চালু ব্যবসার মালিকদের জন্য। আপনার ব্যবসাটা আগে ভালো করে বুঝে নিতে আমরা ফাউন্ডারের সাথে ৩০ মিনিটের একটা ফ্রি কনসাল্টেশন কল দিয়ে শুরু করি।

ফ্রি কনসাল্টেশন বুক করুন

arwahynai.com/bn/book

WhatsApp-এ সরাসরি কথা বলুন

+880 1862-312535

বুক করার সময় আপনার ব্যবসার নাম আর কোন কাজটা আগে automate করতে চান, শুধু এটুকু লিখে দিন। আরও ফ্রি গাইড পাবেন arwahynai.com/bn/guides-এ।